

কৃষি কলেজসমূহের প্রাণী  
বিজ্ঞানের শিক্ষকদের  
বারি-তে ফিরাইয়া  
নেওয়া হোক

দেশের কৃষি কলেজসমূহে  
দ্বিতীয় বর্ষে প্রাণী বিজ্ঞান পড়ানো  
হইত। বর্তমানে কৃষি বিশ্ববিদ্যালয়  
উক্ত বিষয়টি তুলিয়া দিয়াছে এবং  
আমরা যাহারা প্রাণীবিজ্ঞান পড়াই-  
তাম কর্তৃপক্ষ এখন তাহাদের কীট-  
তত্ত্ব পড়াইতে বলিতেছেন। কিন্তু  
আমরা কোন সময়েই কীটতত্ত্ব পড়ি  
নাই। কীটতত্ত্ব আমাদের কোন  
ডিগ্রীও নাই। তাই অনার্সের ছাত্রদের  
কীটতত্ত্ব পড়ানো আমাদের দ্বারা  
একেবারেই অসম্ভব। তবে আমা-  
দের দ্বারা কৃষি বিষয়ক গবেষণা  
করা সম্ভব। আর যেহেতু বাংলা-  
দেশে কৃষি গবেষণা ইনস্টিটিউট  
(বারি) আমাদের নিয়োগ দিয়া-  
ছিল এবং কৃষি কলেজগুলি  
এখনও যেহেতু বারি-এর অধীনে  
রহিয়াছে তাই আমাদের বারি-তে  
ফিরাইয়া নেওয়া সংশ্লিষ্ট কর্তৃ-  
পক্ষের নৈতিক দায়িত্ব। এ ব্যাপারে  
ব্যবস্থা গ্রহণের জন্য বারি-এর  
মহাপরিচালককে অনুরোধ করি-  
তেছি।

—নাম প্রকাশে অনিচ্ছুক।